

একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত আদেশ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রকল্প বাস্তবায়ন-১ অধিশাখা
www.mohfw.gov.bd

ডাকযোগে/ফ্যাক্সযোগে

নং-৪৫.০০.০০০০.১৭২.০২.০০৫.১৭-২১৫

তারিখঃ ১৮.০৭.২০১৭ খ্রি:

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সেগুন বাগিচা, ঢাকা।


বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের ৪র্থ স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর কর্মসূচি (HPNSP) 'র 'অলটারনেটিভ মেডিকেল কেয়ার (এএমসি)' শীর্ষক অপারেশনাল প্ল্যানের অনুকূলে চলতি ২০১৭-২০১৮ অর্থ বছরের এডিপিতে জিওবি এবং আরপিএ জিওবি (স্থানীয় মুদ্রা) খাতে বরাদ্দকৃত অর্থ হতে ১ম কিস্তির অর্থছাড় প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক ১৮.০৭.২০১৭ তারিখের নং ৪৫.০০.০০০০.১৭২.০২.০০৫.১৭-২১৪ সংখ্যক স্মারকে অনুমোদিত বিভাজন অনুযায়ী আদিষ্ট হয়ে 'অলটারনেটিভ মেডিকেল কেয়ার (এএমসি) (কোড নং-৫-২৭১১-৫০৩২)' শীর্ষক অপারেশনাল প্ল্যানের অনুকূলে ২০১৭-২০১৮ অর্থ বছরের এডিপিতে জিওবি (স্থানীয় মুদ্রা) খাতে বরাদ্দকৃত অর্থ হতে ১ম কিস্তিতে জিওবি- ১৫৯১.০০ লক্ষ (রাজস্ব- ১৫৯১.০০ + মূলধন ০০.০০) আরপিএ জিওবি ১২৫.০০ (রাজস্ব- ১২৫.০০ + মূলধন ০০.০০) লক্ষ টাকা মোট ১৭১৬.০০ লক্ষ (সতের কোটি ষোল লক্ষ টাকা নিম্নবর্ণিত শর্তে ছাড়করণে নির্দেশক্রমে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছিঃ

বাস্তবায়নকারী সংস্থার নাম	অপারেশনাল প্ল্যান ও কোড নম্বর	অনুমোদিত/ পিসিপি অনুমোদিত/ অননুমোদিত	কিস্তির নাম	জিওবি		আরপিএ (জিওবি)		মোট অবমুক্ত অর্থ
				রাজস্ব	মূলধন	রাজস্ব	মূলধন	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	'অলটারনেটিভ মেডিকেল কেয়ার (এএমসি)' (কোডনং-৫-২৭১১-৫০৩২)	অনুমোদিত	১ম কিস্তি জিওবি এবং আরপিএ জিওবি অর্থ	১৫৯১.০০	০০.০০	১২৫.০০	০০.০০	১৭১৬.০০

শর্তাবলীঃ

- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act, 2006 এবং The Public Procurement Rules, 2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
 - ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে কোন অনিয়ম উদঘাটন হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ ব্যক্তিগতভাবে দায়ী থাকবে;
 - এই ব্যয় ২০১৬-১৭ অর্থ বছরের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের "অলটারনেটিভ মেডিকেল কেয়ার (এএমসি)" শীর্ষক অপারেশনাল প্ল্যানের (কোড নং-৫-২৭১১-৫০৩২) শীর্ষক ওপি হতে বহন করা হবে; এক খাতের অর্থ আরেক খাতে ব্যয় করা যাবে না;
 - অর্থ ব্যয়ের মনিটরিং রিপোর্ট, প্রশিক্ষণের ক্ষেত্রে, সরবরাহ ও সেবার ক্ষেত্রে এ শাখার প্রশাসনিক, সম্পদ সংগ্রহ ও অন্যান্য ক্রয়ের ক্ষেত্রে ব্যয় মঞ্জুরীসহ প্রশাসনিক অনুমোদন এবং বিস্তারিত ব্যয়ের তথ্য প্রেরণ করতে হবে; এবং
 - অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সমর্পন করতে হবে।
 - ডিপিপিতে উল্লেখিত মূল্য তালিকা বাজারদরের সাথে সঙ্গতি রেখে ক্রয়ের ক্ষেত্রে পুনরায় এ মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন গ্রহণ করতে হবে।
- ০২। এই বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে বর্ণিত কোড/সাবকোড ভিত্তিক বরাদ্দ অনুযায়ী করতে হবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হবেনা। সময় ভিত্তিক কর্মপরিকল্পনা অনুযায়ী এডিপি-তে বরাদ্দকৃত অর্থ হতে চলতি ২০১৭-১৮ অর্থ বছরে ছাড় করা হলো।
- ০৩। অর্থ বিভাগের ১৩.১১.২০১২ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫৪০ নং স্মারকের অধীনে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে যে ক্ষমতা অর্পণ করা হয়েছে সেই অনুযায়ী এই আদেশ জারি করা হলো।


(এস এম জাহাঙ্গীর হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ-৯৫৪৯৫৫৩
saspil@mohfw.gov.bd


অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

নং-৪৫.০০.০০০০.১৭২.০২.০০৫.১৭-২১৫/১(৯)

তারিখঃ ১৮.০৭.২০১৭ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। যুগ্মসচিব (এফএমএইউ), স্বাস্থ্য সেবা বিভাগ এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। যুগ্মপ্রধান, স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো / কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
- ৪। উপসচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। পরিচালক (হোমিও ও দেশজ চিকিৎসা) ও লাইন ডাইরেক্টর, “অলটারনেটিভ মেডিকেল কেয়ার (এএমসি), মহাখালী, ঢাকা।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৮। যুগ্মসচিব (প্রকল্প বাস্তবায়ন), এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। যুগ্মপ্রধান (পরিকল্পনা), এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।


(এসএম জাহাঙ্গীর হোসেন)
সিনিয়র সহকারী সচিব